



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬৭.১৭-৬৬৮

তারিখঃ ০৬/৬/২০১৭ খ্রিঃ

জনাব মোঃ জহিরুল ইসলাম
হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি,
উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের হিসাব সহকারী হিসেবে উপজেলায় প্রকল্প কার্যক্রমের হিসাব সংক্রান্ত বিভিন্ন রেজিস্টার ও খাতাপত্র যথাযথভাবে লিখন ও সংরক্ষণ এবং অনলাইন মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার নিয়মিতভাবে হালনাগাদ করা আপনার মুখ্য দায়িত্ব। কিন্তু আমতলী উপজেলায় সংগঠিত বিভিন্ন অনিয়মসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় আপনি দীর্ঘদিন যাবত সমিতির হিসাব সংক্রান্ত কর্তৃক খতিয়ান লিখেন নি; যা দায়িত্ব পালনে আপনার চরম অবহেলা ও গাফিলতির সামিল। আপনার এ দায়িত্বে অবহেলার জন্য উপজেলায় সমিতিওয়ারী হিসাবে জটিলতা সৃষ্টির আশঙ্কা তৈরি হয়েছে।

এমতাবস্থায়, আগামী ২০/৬/২০১৭ খ্রিঃ এর মধ্যে সমিতিওয়ারী কর্তৃক খতিয়ান হালনাগাদ লিখন ও সংরক্ষণের জন্য বলা হলো। সেই সাথে দায়িত্বে অবহেলা ও গাফিলতির জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৫/৬/২০১৭ খ্রিঃ এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপপ্রকল্প পরিচালক,
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ আমতলী, জেলাঃ বরগুনা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরগুনা।
৫. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।